



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ  
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ১২৪/২২

তারিখঃ ০৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ  
১৯ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন আনসার আল ইসলাম এর সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) মামলার পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে ১৮/১০/২০২২ খ্রি. রাত ১০.০০ ঘটিকার সময় কক্সবাজার জেলার সদর থানাধীন লিংক রোড এলাকায় অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসার আল ইসলাম” এর সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) মামলার পলাতক (সবুজবাগ থানার মামলা নং-১৪(০৭)১৯, ধারা- সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) ধারা- ৮/৯/১০ ও ১৩ এর ওয়ারেন্টভুক্ত আসামী কে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামী- মোহাম্মদ সাইফুল্লাহ☉মাওলানা মো: সাইফুল্লাহ, পিতা- মৃত রফিক মাস্টার, মাতা- আমিনা বেগম, গ্রাম- কামালদি মাথাভাঙ্গা, ইউপি- মোহনপুর, থানা- মতলব উত্তর, জেলা- চাঁদপুর।

গ্রেফতারকৃত আসামী মুহাম্মদ সাইফুল্লাহ ২০১৪ সাল হতে ২০১৮ সাল পর্যন্ত কাতারে অবস্থান করেন। মূলত এই সময় হতেই তিনি জঙ্গিবাদে জড়িয়ে পড়েন এবং কাতারে অবস্থিত কিছু বাংলাদেশীদের সাথেও এই সংক্রান্ত বিষয়ে সম্পৃক্ত হন। ২০১৯ সালে সাইফুল্লাহ বাংলাদেশে ফিরে আসেন এবং বাংলাদেশে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন ‘আনসার আল ইসলাম’এর কার্যক্রমের সাথে জড়িয়ে পড়েন।

পরবর্তীতে তিনি ও তার অন্যান্য সহযোগীগণ নিজেদের মধ্যে রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্র, জনমনে ত্রাস, ভীতি ও জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে পরিকল্পনা করে আসছিলেন। এ সময় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তার কর্মকাণ্ডের ব্যাপারে জানতে পারে এবং গ্রেফতারের জন্য সচেষ্ট হয়। এরই ধারাবাহিকতায় ২০১৯ সালের ০৯ জুলাই ডিএমপির সবুজবাগ থানায় মোহাম্মদ সাইফুল্লাহ সহ অন্যান্য ব্যক্তিদের নামে সিটিটিসি মামলা দায়ের করে। উক্ত মামলা দায়েরের পূর্ব হতেই তিনি পলাতক ছিলেন। এ সংক্রান্তে বিজ্ঞ আদালত গ্রেফতারী ওয়ারেন্ট জারি করেন এবং এন্টি টেররিজম ইউনিট তাকে গ্রেফতার করতে সক্ষম হয়। গ্রেফতারকৃত আসামী মোহাম্মদ সাইফুল্লাহ ☉ মাওলানা মো: সাইফুল্লাহ কে বিজ্ঞ আদালতে সোপর্দ করার কার্যক্রম প্রক্রিয়াধীন।

  
১৯/১০/২০২২  
(মোহাম্মদ আসলাম খান)  
পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারেনেস উইং)  
এন্টি টেররিজম ইউনিট,  
বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)